উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

:-নোটিশ-:

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৫-৮২১ তারিখ: ২২.০৯.২০২৫ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৫ মাসের মাসিক সাধারণ সভা আগামী ২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রি: রোজ বুধবার দুপুর ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় আলোচ্য সূচী:

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৩। বিভাগীয় আলোচনা।
০৪। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৫। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৬। হাটবাজার সংক্রান্ত।
০৭। বিবিধ আলোচনা।

২২/৯/২৫
(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৫-৮২১ তারিখ: ২২.০৯.২০২৫ খ্রি.

বিতরণ কার্যার্থে:

........................................................ (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, নেত্রকোণা।
২। অফিস কপি।

২২/৯/২৫
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ

উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর সেপ্টেম্বর ২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব ইমদাদুল হক তালুকদার, প্রশাসক, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন। |
| সভার তারিখ | : ২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. |
| সময় | : দুপুর ১২.০০ ঘটিকা |

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য

অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | দপ্তর/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসন | জনাব ইমদাদুল হক তালুকদার, প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, কেন্দুয়া ,নেত্রকোণা সভায় বলেন যে, সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ যেন তাঁদের উপরে ন্যস্ত দায়িত্ব সঠিক ভাবে পালন করেন। সেবা প্রত্যাশিরা কোনো ভাবেই হয়রানীর স্বীকার না হয়।<br>২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা কমপ্লেক্সের স্টাফ কোয়ার্টার মেরামত, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদের গ্যারেজ মেরামত, ডরমেটরির দরজা ও জানালা নতুন ভাবে স্থাপন এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ভিতরে বাহিরে রংকরণ করা প্রয়োজন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা কমপ্লেক্সের স্টাফ কোয়ার্টার মেরামত, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদের গ্যারেজ মেরামত, ডরমেটরির দরজা ও জানালা নতুন ভাবে স্থাপন এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ভিতরে বাহিরে রংকরণের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ি মেরামত খাত হতে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা আর.এফ.কিউ পদ্ধতির মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা উপজেলা প্রকৌশলী এলজিইডি |
| ২. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, হাসপাতালে সেবার মান অনেক বৃদ্ধি পেয়েছে। হাসপাতালের আশেপাশে পরিস্কার-পরিচ্ছন্ন করা হয়েছে। হাসপাতালে বিনা মূল্যে বিতরণের জন্য ঔষধ সরবরাহ বৃদ্ধি পেয়েছে। শিশুদের মধ্যে বিনামূল্যে টিকা প্রদান কাযক্রম চলমান রয়েছে। স্বাস্থ্য বিভাগের অন্যান্য কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিভিন্ন কাযক্রমের উন্নতি হওয়ায় স্বাস্থ্য বিভাগকে ধন্যবাদ জানানো হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: দপ্তর |
| ৩. | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণিসম্পদ বিভাগের বিভিন্ন কাযক্রম স্বাভাবিক ভাবে চলছে। মৎস্য ও পশু খাদ্য বিবিমালা ২০১৩ আইন বাস্তবায়নের জন্য মোবাইল কোর্ট পরিচালনার সহযোহিতা কামনা করে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, কৃষি প্রনোদনা এবং পুনর্বাসন কর্মসূচির আওতায় কৃষকদের মাঝে বিনামূল্যে সার বীজ এবং চারা বিতরণ কাযক্রম চলমান রয়েছে। সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাযক্রম স্বাভাবিক রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা ডিজিএম পল্লী বিদ্যুৎ |
| ৫. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, চায়না দোয়ারি জাল দিয়ে মাছের ছোট পোনা দমন করা হচ্ছে তাই ছোট মাছ যেন জাল দিয়ে দমন না করা হয় সে বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। তাছাড়া নদী,খাল-বিলে বাঁধ দিয়ে মাছের ছোট পোনা দমন করা হয় এই বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ ও সহযোগিতা কামনা করেন। দপ্তরের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। আপাতত কোনো সমস্যা নেই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, সকল জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, ২০২৫-২৬ অর্থ বছরের এডিপি ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রত্যেকটি ইউনিয়ন থেকে আগামী ১৫দিনের মধ্যে প্রকল্প তালিকা জমা দেওয়ার জন্য অনুরোধ করেন। তাছাড়া উপজেলা নির্বাহী অফিসারের ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা | যথাসময়ে প্রকল্প তালিকা জমা দেওয়ার সিদ্ধান্ত গ্রহীত হয়। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা কমপ্লেক্সের স্টাফ কোয়ার্টার মেরামত, উপজেলা নির্বাহী | প্রশাসক উপজেলা পরিষদ উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | কমপ্লেক্সের স্টাফ কোয়ার্টার মেরামত, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদের গ্যারেজ মেরামত, ডরমেটরির দরজা ও জানালা নতুন ভাবে স্থাপন এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ভিতরে বাহিরে রংকরণ করা কাজের প্রস্তাব সমর্থন করেন। | অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদের গ্যারেজ মেরামত, ডরমেটরির দরজা ও জানালা নতুন ভাবে স্থাপন এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ভিতরে বাহিরে রংকরণের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ি মেরামত খাত হতে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা আর.এফ.কিউ পদ্ধতির মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | (এলজিইডি) প্রশাসক/ইউপি চেয়ারম্যান সকল |
| ৭. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, ২০২৫-২৬ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টিআর) বাবদ ১,২৯,৬০,৩৬১.০৭/-, গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিটা ১,৭৬,৪৭,৩৭০.৮৫/-, কাবিখা চাল ৯৬.৮২৭১ মে:টন, গম ৯৬.৮২৭১ মে: টন। মোট বরাদ্দ উপজেলার আয়তন ও জনসংখ্যা অনুসারে বিভাজন করে দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা থেকে প্রকল্প তালিকা পেলে জেলা প্রশাসক বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | যথানিয়মে নির্ধারিত সময়ে প্রকল্প তালিকা জমা দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রশাসক/ইউপি চেয়ারম্যান সকল |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিডব্লিউবি ২০২৫-২৬ অর্থ বছরের ১৩ টি ইউনিয়ন ১৬২৫ জন নির্বাচিত করা হয়েছে। এবং উপকারভোগীদের মধ্যে চাল বিতরণ চলমান রয়েছে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৯. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ০৪ টি। কেন্দ্রগুলো হলো কান্দিউড়া, গড়াডোবা, গন্ডা, নওপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও প.ক.কেন্দ্র। উপজেলার মোট সক্ষম দম্পতি: ৬০৫০৩। খাবার বড়ি গ্রহণকারী ২৭৫৯৭জন। ইনজেকটেবলস গ্রহণকারী ৫১৫৫। কনডম গ্রহণকারী ২১৫৯জন। আই ইউ ডি গ্রহণকারী ০৪জন। ইনজেকশন গ্রহণকারী ৪৬৯জন। পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান। তবে অফিসে জনবলের ঘাটতি রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রশাসন ও উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ১১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। অফিসে জনবলের কিছু সংকট রয়েছে ফলে ফলে অফিসের দৈনিন্দ কাজ কিছুটা ব্যহত হচ্ছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে ৪২০ জন যুবক ও যুব নারীকে আত্মকর্মসংস্থানমূলক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কর্মসংস্থানের জন্য ৫৮ জন যুবক ও যুব নারীর প্রতিকূলে ৩০ লক্ষ ১০ হাজার টাকা বিতরণ করা হয়েছে। বর্তমানে চলমান আদায়ের হার সন্তোষজনক হলেও পূর্বে বিতরণকৃত খেলাপীর পরিমাণ ১৫ লক্ষ ৪৩ হাজার ৮ শত ৪৩ টাকা। খেলাপী টাকার আদায়ের হার বৃদ্ধির বিষয়ে সকলের সহযোগিতা চাওয়া হয়। অফিসের ছাদ দিয়ে সামান্য বৃষ্টি হলেই পানি পরে তাছাড়া অফিসের সামনেও পানি জমে থাকে সংস্কারের প্রস্তাব করেন। দপ্তরের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | খেলাপী ঋণ আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ইউপি চেয়ারম্যান সকল |
| ১৩. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, কেন্দুয়া উপজেলা সমাজসেবা কার্যালয় এর ২০২৪-২৫ অর্থবছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধীদের ভাতার আবেদনের কার্যক্রম শেষ হয়েছে এবং প্রতিবন্ধী বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে যাচাই-বাছাই কার্যক্রম শেষে ১০৬৭ জনের ভাতা নিশ্চিত করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেব কর্মকর্তা ইউপি চেয়ারম্যান সকল |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তর হতে ২০২৩-২৪ অর্থ বছরে ১,২০,০০,০০০.০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিতরণকৃত ঋণ কিস্তিতে আদায় হচ্ছে। দপ্তরের কার্যক্রম | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | স্বাভাবিকভাবে চলমান রয়েছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | | |
| | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পযায়) | উপজেলা প্রকল্প কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা সভায় বলেন যে, গত ২০২৪-২৫ অর্থ বছরে ২৭২.২৫লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয় যার আদায়ের হার ৯৮%। তাছাড়া ২৮০জন নারী ও পুরুষ সদস্যকে বিভিন্ন আয় বর্ধন মুলক কর্মকান্ডে প্রশিক্ষণ দেয়া হয়েছে। উদ্যেক্তা তৈরীর লক্ষ্যে ১৮০জনকে ১.০০ লক্ষ টাকা ককরে উদ্যোক্তা ঋণ দেয়া হয়েছে। চলতি ২০২৫-২৬ অর্থ বছরের সেপ্টেম্বর/২৫ মাস পযন্ত তিন মাসে ২০.৯০লক্ষ টাকা ঋণ দেয়া হয়েছে। যার আদায় ১০০%। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প কর্মকর্তা |
| ১৫. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক(সিনিয়র অফিসার) পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, কেন্দুয়া উপজেলার পল্লী সঞ্চয় ব্যাংকের আওতায় সমিতির সংখ্যা ৩৮১টি। সদস্য সংখ্যা ১৩৯৩৫জন। ঋণ আউটস্ট্যান্ডিং ২১,৭০,০০,০০০/-খেলাপী ঋণের পরিমাণ ১০,০০,০০,০০০/- খেলাপী ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য প্রদান কার্যালয় থেকে উকিল নোটিশ প্রদানের নির্দেশনা রয়েছে তা অচিরেই কাযকর করার সিদ্ধান্ত নেওয়া হবে। ২০২৪-২৫ অর্থ বছরে শাখার ব্যয় মিটিয়ে ১৭,০০,০০০/- উদ্বৃত রয়েছে। তাছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৬. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা সমবায় বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মোজাফরপুর আশ্রয়ন প্রকল্পের নতুন ঋণ আদায়ের হার ১০০%।পরবর্তীতে নির্মিত আশ্রয়ন প্রকল্পের এ পযন্ত ০৬টি সমিতি নিবন্ধিত হয়েছে। পুরাতন খেলাপি ঋণ আদায়ের জোর প্রচেষ্টা চলছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৭. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, বর্তমানে স্মার্ট বাংলাদেশ মিশনে প্রত্যেকটি দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করা খুবই জরুরি। কিন্তু আমাদের উপজেলার অনেক দপ্তর রয়েছে যেখানে ওয়েব পোর্টাল আপডেট করা নেই। তাই দ্রুত সময়ের মধ্যে স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করার জন্য সংশ্লিস্ট দপ্তর প্রধানগনকে অনুরোধ করেন। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | খুব দ্রুত সময়ের মধ্যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাত করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধানগণ সহকারী প্রোগ্রামার |
| ১৮. | প্রশাসক গড়াডোবা | প্রশাসক গড়াডোবা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ভুইয়ার বাজারের ০২টি শেড দীর্ঘদিনের পুরোনো তাই শেডটি মেরামত করা প্রয়োজন। ১৪৩২ বাংলা সনে শিবপুর-হাঁসকান্দা শিমুলতলার পশুর হাট ও ভুইয়ার বাজারের খাস আদায়/ইজারালব্ধ আয়ের ১০% ও ১৫% অর্থে বাজার উন্নয়নের জন্য নিম্নরূপ প্রকল্প দাখিল করেন। (ক) ভুইয়ার বাজারে মহিলা মার্কেট শেড সংস্কার=২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা।<br>(খ) ভুইয়ার বাজারে কাপড় মার্কেট শেড সংস্কার=২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা। | নীতিমালা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন ও অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) প্রশাসক, গড়াডোবা ইউপি |
| ১৯. | চেয়ারম্যান নওপাড়া ইউপি | চেয়ারম্যান নওপাড়া ইউপি সভায় জানান যে, অত্র ইউনিয়নের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। নওপাড়া বাজারের ০২টি কাঁচা রাস্তা রয়েছে উক্ত রাস্তাগুলো পাকাকরণ করা প্রয়োজন। নওপাড়া ইউনিয়ন পরিষদ ১৪৩২ বাংলা সনে নওপাড়া বাজারের ইজারালব্ধ আয়ের ১০% ও ১৫% অর্থে বাজার উন্নয়নের জন্য নিম্নরূপ প্রকল্প দাখিল করেন।ক) নওপাড়া বাজার এর ব্রিজ এর পশ্চিম মাথা হইতে উজ্জল মিয়ার ঘর পযন্ত রাস্তা এইস বি বি করণ প্রকল্প, প্রকল্প বরাদ্দ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা খ) নওপাড়া বাজার ব্রিজ এর পূর্ব মাথা হইতে ইসলাম উদ্দিন মেম্বার এর ঘর পযন্ত রাস্তা এইস বি বি করণ প্রকল্প, প্রকল্প বরাদ্দ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা | নীতিমালা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন ও অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) চেয়ারম্যান, নওপাড়া ইউপি |
| | প্রশাসক সান্দিকোনা | প্রশাসক, সান্দিকোনা ইউনিয়ন পরিষদ ১৪৩২ বাংলা সনের সাহিতপুর বাজার ও সান্দিকোনা বাজারের ইজারালব্ধ ও খাস আদায় আয়ের ১০% ও ১৫% অর্থে বাজার উন্নয়নের জন্য নিম্নরূপ প্রকল্প দাখিল করেন।ক) সাহিতপুর বাজারে রোয়াইলবাড়ী রাস্তার মাথায় ইটের শুরকি ও বালু ভরাট ও সাহিতপুর বাজারের মোড় হতে বাজারের ভিতরে রাস্তায় শুরকি ও বালু ভরাট প্রকল্প, প্রকল্প বরাদ্দ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা খ) সাহিতপুর বাজারে ০২টি সাবমারসিবল পাম্প ট্যাংকিসহ স্থাপন প্রকল্প, প্রকল্প বরাদ্দ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা | নীতিমালা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন ও অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) প্রশাসক, সান্দিকোনা ইউপি |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২০. | চেয়ারম্যান গন্ডা ইউপি | চেয়ারম্যান গন্ডা ইউপি সভায় জানান যে, অত্র ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। ১৪৩২ বাংলা সনের সাধার বাজারের ইজারালব্ধ আয়ের ১০% ও ১৫% অর্থে বাজার উন্নয়নের জন্য নিম্নরূপ প্রকল্প দাখিল করেন। ক) সাধার বাজারে শেড ঘর মেরামত ও সাধার গরুর বাজারে বালু ভরাট প্রকল্প। বরাদ্দ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা।<br>খ) সাধার গরুর বাজারে ট্যাংকিসহ সাবমারসিবল পাম্প স্থাপন ও টয়লেট মেরামত প্রকল্প। প্রকল্প বরাদ্দ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা<br>গ) গন্ডা বাজারে ট্যাংকিসহ সাবমারসিবল পাম্প স্থাপন ও টয়লেট মেরামত প্রকল্প। প্রকল্প বরাদ্দ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা | নীতিমালা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন ও অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) চেয়ারম্যান, গন্ডা ইউপি |
| | প্রশাসক আশুজিয়া | প্রশাসক, আশুজিয়া ইউনিয়ন পরিষদ ১৪৩২ বাংলা সনের কৃষ্ণরামপুর বাজার, বীরগঞ্জ বাজার ও রামপুর বাজারের ইজারালব্ধ আয়ের ১০% ও ১৫% অর্থে বাজার উন্নয়নের জন্য নিম্নরূপ প্রকল্প দাখিল করেন।<br>ক) রামপুর বাজারের উজ্জলের দোকান হতে বাহার উদ্দিনের দোকান পযন্ত রাস্তা পাকাকরন প্রকল্প, বরাদ্দ=২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা।<br>খ) রামপুর বাজারে উত্তর পাশের রাস্তায় ইউড্রেন নির্মাণ, ড্রেন মেরামত ও পরিষ্কার প্রকল্প, বরাদ্দ=২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা।<br>গ) রামপুর বাজারের মাছ মহালের উত্তর পাশে মাছ বিক্রির পাকা ভিট নির্মাণ প্রকল্প, বরাদ্দ=২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা।<br>ঘ) রামপুর বাজারের মাছ মহালের দক্ষিন পাশে মাছ বিক্রির পাকা ভিট নির্মাণ প্রকল্প, প্রকল্প বরাদ্দ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা | নীতিমালা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন ও অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) প্রশাসক, আশুজিয়া ইউপি |
| | প্রশাসক দলপা | প্রশাসক, দলপা ইউনিয়ন পরিষদ ১৪৩১ বাংলা সনের বেখৈরহাটী বাজারের ইজারালব্ধ/খাস আদায় আয়ের ১০% ও ১৫% অর্থে বাজার উন্নয়নের জন্য নিম্নরূপ প্রকল্প দাখিল করেন। ক) বেখৈরহাটী বাজারে টয়লেট মেরামত ও গরুর হাটে মাটি ভরাট প্রকল্প। বরাদ্দ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা।<br>খ) বেখৈরহাটী বাজারের বিভিন্ন ড্রেইন পরিস্কার ও মাছ মহালে সাবমারসিবল পাম্প স্থাপন প্রকল্প। বরাদ্দ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা। | নীতিমালা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন ও অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) প্রশাসক, আশুজিয়া ইউপি |
| বিবিধ -১ | বিভিন্ন খরচের অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ নিম্নোক্ত খরচগুলো অনুমোদনের প্রস্তাব করেন। ০১. উপজেলা পরিষদ হলরুমে ব্যবহৃত ০১টি কাঠের টেবিল ক্রয়ের বিল বাবদ ১৭,০০০/- চেক নং-৭৫৭৫৯২৯ মূলে মো: দুলাল খান, কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ২,০০০/- ও ১,০০০/- টাকা প্রদান। ০২. প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে দরজা মেরামত ও বাহিরে ইন্টিরিয়র কাজ মেরামত বাবদ ২১,২৫০/- চেক নং-৭৫৭৫৯৩২ মূলে মো: রমজান মিয়া, কেন্দুয়া পৌরসভাকে, প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ২,৫০০/- ও ১,২৫০/- টাকা প্রদান। ০৩. উপজেলা নির্বাহী অফিসারের স্টাফদের ব্যবহৃত একটি নতুন প্রিন্টার ক্রয় বাবদ ২১,২৫০/-চেক নং-৭৫৭৫৯১৪ মূলে মো: নাজমুল হোসেন, কেন্দুয়া পৌরসভাকে, প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ২,৫০০/- ও ১,২৫০/- টাকা প্রদান। ০৪. উপজেলা পরিষদ অভ্যন্তরে নতুন সিসি ক্যামেরা স্থাপন ও আনুসাঙ্গিক কাজের বিল বাবদ ২১,২৫০/-চেক নং-৭৫৭৫৯৩৮মূলে জনাব মো: নাজমুল হোসেন, কেন্দুয়া পৌসভাকে প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ২,৫০০/- ও ১,২৫০/-টাকা প্রদান করা হয়। ০৫. উপজেলা পরিষদ অভ্যন্তরে নতুন সিসি ক্যামেরা স্থাপন ও আনুসাঙ্গিক কাজের বিল বাবদ ২১,২৫০/-চেক নং-৭৫৭৫৯৪১মূলে জনাব মো: নাজমুল হোসেন, কেন্দুয়া পৌসভাকে প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ২,৫০০/- ও ১,২৫০/-টাকা প্রদান করা হয়। ০৬. উপজেলা পরিষদ সার্ভার রুমে কাঁচের দরজা ও জানালা নতুন ভাবে স্থাপন কাজের বিল বাবদ ২১,২৫০/-চেক নং-৭৫৭৫৯৪৪মূলে জনাব মো: স্বপন মিয়া, কেন্দুয়া পৌসভাকে প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ২,৫০০/- ও ১,২৫০/-টাকা প্রদান করা হয়। | ০১ নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে আসবাবপত্র ক্রয় খাত হতে, ০২ ও ০৬নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে বাসাবাড়ি মেরামত খাত হতে, ৩নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে অফিস সরঞ্জাম যন্ত্রপাতি ক্রয় খাত হতে, ০৪ ও ০৫নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে সিসি ক্যামেরা ক্রয় খাত হতে ব্যয় মেটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ইমদাদুল হক তালুকদার)
প্রশাসক
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪- ৮৩৪

তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। জেলা প্রশাসক, নেত্রকোণা ।

(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪- ৮৩৪

তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

১। উপজেলা ........................................ কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা ।
২। প্রশাসক/চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৩। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

CS CamScanner